গাংনী ফুটবল একাডেমিকে ট্রাইবেকারে হারিয়ে মোনাখালি ইউনিয়ন একাদশ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৬ষ্ঠ দিনের খেলায় গাংনী উপজেলার গাংনী ফুটবল

একাডেমিকে ট্রাইবেকারে হারিয়ে মুজিবনগরের মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশ দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ৫ মিনিটের সময় গাংনী ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড ফারহান তানজিলের দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর কোন দলই গোল করতে পারেনি।

পরে দ্বিতীয় অর্ধের মাত্র ৪ মিনিট বাকী থাকতে মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়াড ইব্রাহিম গোল করে খেলার সমতা ফেরান। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল সুযোগ হারান।

পরে ট্রাইবেকারে প্রথম ৫ টি করে বল দেওয়া হয়। দুটি দলই ৫ টি করে গোল তুলে নেন। পরে আবারও ১ টি করে বল কিক করার সুযোগ দিলে প্রথম কিক দিতে আসেন গাংনী ফুটবল একাডেমির হুসাইন। বলটি গোলকিপার লুফে নেন। পরে মোনাখালি ইউনিয়ন একাদশের খেলোয়াড় কিক দিয়ে বল জালে ঢুকিয়ে দেন।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড ইব্রাহিমকে। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক ও সদস্য মাহাবুবুল হক মন্টু।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, আমিরুল বসিলাম অল্ডাম, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর মাহাবুব হোসেন। তাকে সহযোগীতা করেন গাংনীর টুটুল রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন আব্বাছ উদ্দীন। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আজ ১০ জুন ৭ম ম্যাচে একই মাঠে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন একাদশ ও গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন একাদশের মধ্যে লড়াই হবে।

কোলা ইলেভেন স্টারকে ৪-০ গোলে হারিয়ে এফসিবি দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৫ম দিনের খেলায় মেহেরপুর সদর উপজেলার কোলা ইলেভেন স্টার ক্লাবকে ৪-০ গোলের বিরাট ব্যবধানে হারিয়ে ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবিএস) দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৪ মিনিটের সময় ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবিএস) এর ৮ নং জার্সি পরিহিত ফরোয়াড মোবারক হোসেন দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর ২৮ মিনিটের সময় আরও একটি গোল করেন এই ফরোয়ার্ড। এরপর ৩৫ মিনিটের সময় তৃতীয়ল গোলটি করে রাজশাহী থেকে আসা রাফায়েল। পরে আবারও দ্বিতীয় অর্ধের ২০ মিনিটের সময় আরও একটি গোল তাদের খাতায় যোগ করেন। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন এফসিবিএসের ফরোয়ার্ড তানিন সরকার। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে

ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক ও সদস্য আব্দুস সালাম (সাবেক ব্যাংকার)।

খেলায় সর্বোচ্ছ দুটি করে গোল দেওয়ায় রাফায়াল ও মোবারক হোসেনকে মেহেরপুর লালন বালি ভান্ডারের পক্ষ থেকে দুটি গেঞ্জি উপহার দেন।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, শামীম জাহাঙ্গীর সেন্টু, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ আলী। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব হোসেন ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল রহমান।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল শুক্রবার ৯ জুন ষষ্ঠ ম্যাচে একই মাঠে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়ন একাদশ ও গাংনী ফুটবল একাডেমি লড়াই করবে।

হেড-স্মিথে দিশেহারা ভারত

টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের প্রথম দিনের শুরুটা যেভাবে হয়েছিলো তাতে মনে হচ্ছিলো দিনটা ভারতেরই হতে যাচ্ছে। দলীয় ২ রানেই শূন্যহাতে ফিরেছিলেন অস্ট্রেলিয়ার ওপেনার উসমান খাজা। ৭৬ রানেই অজিরা হারিয়েছিলো ৩ উইকেট। তবে এরপরই দিনের শেষভাগে এসে ভারতের বোলারদের ওপর এক প্রকার তান্ডব চালিয়েছিলেন ট্রাভিস হেড আর স্টিভেন স্মিথ। দুজন মিলে নিরবিচ্ছিন্ন জুটিতে তুলেছেন ২৫১ রান। হেডের প্রায় দেড়শ ছোঁয়া ইনিংসের সঙ্গে স্মিথের শতরানের

মেহেরপুর বঙ্গবন্ধু আন্ত: কলেজ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও ক্রীড়া অফিসের আয়োজনে বঙ্গবন্ধু আন্ত: কলেজ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার (৭ জুন) সকাল সাড়ে ৭ টার সময় জেলা স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান ও জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ।

উদ্বোধনী খেলায় মেহেরপুর সরকারি টেকনিক্যাল কলেজ দল কুতুবপুর স্কুল এন্ড কলেজকে ২-০ গোলে হারিয়ে বিজয়ী হয়। প্রতিদ্বন্ধিতাপূর্ণ খেলা উপহার দেওয়ার জন্য বিজয়ী এবং রানার্সআপ উভয় দলের খেলোয়ারদের অভিনন্দন জানান জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

আগামী ৯ জুন শুক্রবার বিকাল ৫:৩০ মিনিটে ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, চলমান তাপদাহ বিবেচনায় রেখে প্রতিটি খেলা সকালে টুর্নামেন্ট আয়োজন করা হবে। মাঠে প্রাথমিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা ছাড়াও জরুরি চিকিৎসার প্রয়োজনে এম্বুলেন্সসহ মেডিক্যাল টিম প্রস্তুত রাখা হয়েছে।

টেস্টের চ্যাম্পিয়নশিপের লড়াইয়ে বিকালে মুখোমুখি ভারত-অস্ট্রেলিয়া

আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল আজ। মুখোমুখি সেরা দুই দল ভারত ও অস্ট্রেলিয়া।

বুধবার বিকাল সাড়ে ৩টায় লন্ডনের ওভালে শুরু হবে শিরোপা নির্ধারণী ম্যাচ। সেরা দুই দলের লড়াইয়ে সেরা পারফরম্যান্সের প্রত্যাশায় ভারত অধিনায়ক রোহিত শর্মা ও অজি ক্যাপ্টেন প্যাট কামিন্স।

২০২১ এ যে চেষ্টায় ব্যর্থ ভারত, দুই বছর পর সেখান থেকেই আবারও নতুন দিনের আশা। আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় ফাইনালেও ভারত আছে, বদলেছে শুধু প্রতিপক্ষ। নিউজিল্যান্ডের জায়গায় অস্ট্রেলিয়া। ভেন্যু হিসেবেও সেই ইংল্যান্ড। সাউদাম্পটনের পরিবর্তে এবার খেলা লন্ডনের ওভালে।

গত ১০ বছর ধরে আইসিসির বৈশ্বিক আসর জিততে না পারার আক্ষেপ ঘোচানোর আরেকটি সুযোগ রাহুল দ্রাবিড়ের দলের। সমানে সমান দুই দল। র্যাঙ্কিয়ের যেমন শীর্ষ দুই তেমনি দুই বছরের টেস্ট চ্যাম্পিয়নশিপের যাত্রা পথেও সমানে সমান।

তবে সাম্প্রতিক পরিসংখ্যানে দেশে আর বিদেশে অস্ট্রেলিয়ার বিপক্ষে আধিপত্য বিরাট, রোহিত, রবীন্দ্র জাদেজাদের। সেরা দলের লড়াইয়ে জিততে চায় দুই দলই।

ভারত অধিনায়ক রোহিত শর্মা বলেন, আমি ম্যাচ জিততে চাই। চাই যত বেশি সম্ভব চ্যাম্পিয়নশিপ বা ট্রফি জিততে। সে জন্যই খেলা। তবে তার মানে এই নয় যে সেকথা ভেবে নিজেদের উপর বেশি চাপ দেব।

অস্ট্রেলিয়া অধিনায়ক প্যাট কামিন্স বলেন, এটা ফাইনাল। চাপ অবশ্যই থাকবে। যে জিতবে তারা যোগ্য দল। গত দু’বছর বিশ্বজুড়ে আমরা যে পরিশ্রম করেছি তার প্রতিফলন পাব যদি আমরা চ্যাম্পিয়ন হতে পারি।

লন্ডনে গ্রীষ্মের শুরু। আবহাওয়ার কারণে বাধাগ্রস্থ দু’দলের অনুশীলন। ফাইনালের আগের দিন ভারতের মাত্র চারজন অনুশীলন করেছেন।

দুদলই ব্যস্ত ছক কষতে, একাদশ সাজাতে। সিরাজ, শামি, উমেশ যাদবের সঙ্গে চতুর্থ পেসার খেলাবে কিনা সেটাই রাহুল দ্রাবিড়রে চিন্তা। স্পিনে রবীন্দ্র জাদেজার পার্টনার রবীচন্দ্রন অশ্বীন অথবা অক্ষর প্যাটেলের কেউ হবেন কিনা সেটাও প্রশ্ন।

ইনজুরি ভাবাচ্ছে কোচকে। অধিনায়ক রোহিত শর্মা, ঈশান কিষান, চেতেশ্বর পূজারা আঘাত পেয়েছেন অনুশীলনে।

অস্ট্রেলিয় শিবিরে বড় ধাক্কা জস হ্যাজেলউডের ছিটকে যাওয়া। তবে স্টিভেন স্মিথ আর ডেভিড ওয়ার্নারের মত অভিজ্ঞদের শেষ সুযোগ টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল জেতার।

বড় শক্তি হয়ে অজি শিবিরে যোগ দিচ্ছেন অ্যান্ডি ফ্লাওয়ার। ইংল্যান্ডের হয়ে তিনবারের অ্যাশেজজয়ী কোচকে পরামর্শক হিসেবে নিয়োগ দিয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া।

যে দল জিতবে আগামী দু’বছরের জন্য টেস্ট শ্রেষ্ঠত্ব সঙ্গে পাবে ১৬ লাখ ডলার প্রাইজমানি। পুরো ফাইনালের দামই যে আড়াই মিলিয়ন ডলার।

চিৎলা জাগরণী ক্লাবকে ট্রাইবেকারে হারিয়ে গোলাম রহমান স্মৃতি সংঘ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর চতুর্থ দিনের খেলায় গাংনীর চিৎলা জাগরণী ক্লাবকে ট্রাইবেকারে ৭-৬ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে গোলাম রহমান স্মৃতি সংঘ।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ৫ মিনিটের সময় গোলাম রহমান স্মৃতি সংঘের খেলোয়াড় সাব্বির হোসেন দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর ২৫ মিনিটের সময় গোলাম রহমান স্মৃতি সংঘের

আমঝুপি ক্লাব ও লাইব্রেরী দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর তৃতীয় দিনের খেলায় আমঝুপি ইউনিয়ন একাদশকে ৫-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে আমঝুপি ক্লাব ও লাইব্রেরী।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৫ মিনিটের সময় আমঝুপি ক্লাব ও লাইব্রেরী ৭ নং জার্সি পরিহিত খেলোয়াড় মিরাজ ১ টি গোল করে দলকে এগিয়ে নেন। এর পর ২১ মিনিটের সময় ৬ নং জার্সি পরিহিত খেলোয়াড় দিপু আরেকটি গোল করে ২-০ শুন্য গোলে এগিয়ে নেন দলকে। দ্বিতীয় অর্ধের ১৩ মিনিটের সময় আমঝুপি ক্লাব ও লাইব্রেরীর হিমেল ১ টি, ১৯ মিনিটের সময় শামীম ১ টি ও ৪৪ মিনিটের সময় দিপু আরেকটি গোল করে দলকে ৫-০ গোলে দলকে এগিয়ে নেন।

তবে, খেলায় শ্যামপুর ইউনিয়ন একাদশ বেশ কয়েকটি এগোলা করার সুযোগ পেলেও তারা ব্যার্থ হয়।
খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন আমঝুপি ক্লাব ও লাইব্রেরীর ফরোয়ার্ড দিপু। তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সদস্য আনোয়ারুল হক কালু।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য মাসুদ করিম ঢলস, আমিরুল ইসলাম অল্ডাম, সেলিম রেজা, আনোয়ারুল হক কালু, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন ঝিনাইদহ থেকে আসা রবিউল ইসলাম, গাংনীর আব্বাছ আলী ও মুজিবনগরের সোহেল আহম্মেদ। খেলায় চতুর্থ রেফারি হিসেবে ছিলেন, মেহেরপুরের কৃতি ফুটবলার ইয়ারুল ইসলাম।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ৬ জুন মঙ্গলবার ৪র্থ ম্যাচে একই মাঠে গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের চিৎলা জাগরণী ক্লাব ও আমদহ ইউনিয়নের গোলাম রহমান স্মৃতি সংঘ লড়াই করবে।

কুতুবপুর ইউনিয়ন একাদশকে হারিয়ে শালিকা টাইগার ক্লাব দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় দিনের খেলায় কুতুবপুর ইউনিয়ন একাদশকে ১-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে শালিকা টাইগার ক্লাব।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধে দুটি দলই চাপ সৃষ্টি করলেও জালে কেউ গোল দিতে পারেনি। দ্বিতীয় অর্ধের ৪ মিনিটের সময় শালিকা টাইগার ক্লাবের ৯ নং জার্সি পরিহীত জুয়েল দুর থেকে একটি দৃষ্টি নন্দন শট দিয়ে সোজা গোল পোষ্টের জালে প্রবেশ করান। দু দলই একাধিকবার গোলা করার সুযোগ পেলেও তারা ব্যার্থ হয়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন শালিকা টাইগার ক্লাবের ফরোয়ার্ড জুয়েল। তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য মাসুদ করিম ঢলস, আমিরুল ইসলাম অল্ডাম। রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন ঝিনাইদহ থেকে আসা রবিউল ইসলাম, গাংনীর মাহবুবুর রহমান ও মুজিবনগরের সোহেল আহম্মেদ। খেলায় চতুর্থ রেফারি হিসেবে ছিলেন, মেহেরপুরের কৃতি ফুটবলার ইয়ারুল ইসলাম।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামী ৫ জুন সোমবার ৩য় ম্যাচে একই মাঠে আমঝুপি ক্লাব ও লাইব্রেরী এবং শ্যামপুর ইউনিয়ন একাদশ লড়াই করবে।

উত্তেজনাপূর্ণ উদ্বোধনী খেলায় বিজয়ী রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল দল

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধনী খেলায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশকে ট্রাইবেকারে ৭-৬ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে গাংনী উপজেলার রামনগর ফ্রেন্ড ফুটবল একাদশ।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সরকারি কলেজ মাঠে আয়োজিত ফুটবল টুর্নামোন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

খেলার প্রথমার্ধের ২৫ মিনিটের সময় রামদেবপুর ফ্রেন্ডস একাদশের পক্ষে মানিক একটি গোল করে দলকে ১-০ গোলে এগিয়ে নিয়ে যান। তারপর দীর্ঘ সময় অপেক্ষার পর দ্বিতীয় অর্ধের ৮ মিনিটের সময় চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশের পক্ষে রাসেল একটি দিয়ে খেলায় সমতা ফিরিয়ে আনেন। এর পর শুরু হয় আক্রমন পাল্টা আক্রমন। এসময়ের মধ্যে উভয় দলই গোল করার একাধিক সুযোগ পেলেও দু দলই গোল পোষ্ট বল প্রবেশ করাতে ব্যার্থ হয়। টান টান উত্তেজনাপূর্ণ খেলাটি শেষ অবধি ট্রাইবেকারে গড়াই।

রেফারী রবিউল ইসলামের সিদ্ধান্ত মোতাবেক দুই দলকে ৫ টি করে বল করার সুযোগ দেন। দু দলই ৪ টি করে গোল দিয়ে আবারো খেলায় সমাতা ফিরিয়ে আনেন। এর পরে রেফারি দ্বিতীয় ট্রাইবেকারে ৩ টি করে বল করার সুযোগ দেন। এতে রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল একাদশ পর পর দুটি

গোল করলে ও চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশ পর পর দুটি গোল মিস করলে শেষ পর্যন্ত রেফারির বাঁশি রামনগর ফ্রেন্ডস ফুটবল একাদশকে বিজয়ী ঘোষণা করেন।

রামদেবপুর ফ্রেন্ডস একাদশের পক্ষে গোল করেন মোবিন, রওনক,সাহাব, আরিফুল, শামীম, হামজা ও মারুফ। এদিকে চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশের পক্ষে গোল করেন, সাকিব, হানিফ,সুজন, মহব্বত ও রাসেল।

খেলায় রেফারির দায়িত্বে ছিলেন ঝিনাইদহ থেকে আসা রেফারি রবিউল ইসলাম, সহকারি রেফারির দায়ীত্ব পালন করেন মাহাবুবুর রহমান ও আব্বাছ আলী এবং চতুর্থ রেফারির দায়ীত্ব পালন করেন মেহেরপুরের ইয়ারুল ইসলাম।

আজ শনিবার (৩ জুন) একই মাঠে অনুষ্ঠিত হবে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন একাদশ বনাম শালিকা টাইগার ক্লাবের মধ্যেকার খেলা।

পর্দা উঠলো মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের

মেহেরপুর সরকারি কলেজ মাঠে গতকাল শুক্রবার বিকালে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উম্মোচিত হলো মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩।

উদ্বোধনী দিনে একদিকে খেলেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল একাদশ বনাম আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরে বাংলা ফুটবল একাদশ।

মনোমুগ্ধকর উপস্থাপনা এবং চুয়াডাঙ্গা ও মেহেরপুরের সাবেক কৃতি ফুটবলারদের সরব উপস্থিতিতে মেহেরপুরের ফুটবল ইতিহাসের এক নতুন অধ্যায় সৃষ্টি হলো।

গতকাল শুক্রবার বিকাল ৩টায় মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে জাতীয় পতাকা ও ফুটবল টুর্নামেন্টের পতাকা উত্তোলন, পায়রা